

৮. কর্মচারীর ও আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত);
৯. বেতন প্রদানের তারিখ উল্লেখপূর্বক শেষ বেতনের সনদ (এলপিসি), আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা (এজি) কর্তৃক প্রতিস্বাক্ষরিত;
১০. স্ত্রীর ক্ষেত্রে পুনরায় বিবাহ না হওয়ার সনদ (বয়স ৫০ বছর পর্যন্ত) এবং কন্যা ও ভগ্নির ক্ষেত্রে বিবাহ না হওয়ার সনদ (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং অফিস কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
১১. স্বামী বা স্ত্রী ব্যতীত পরিবারের অন্য কোন সদস্য আবেদনকারী হলে নির্ভরশীলতার সনদ (ইউ.পি.চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং অফিস কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
১২. কর্মচারীর মৃত্যুর পর আবেদন দাখিল করতে ৬ মাসের বেশি বিলম্ব হলে কর্তৃপক্ষের মাধ্যমে বিলম্বের ব্যাখ্যা প্রদান (প্রয়োজ্যক্ষেত্রে);
১৩. অনলাইনে পূরণকৃত আবেদন ফরমে কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল, কর্মচারীর স্বাক্ষর, স্মারক নং ও তারিখ প্রদানপূর্বক ফরমের স্ক্যান কপি।

কর্মচারীর ধরন	প্রাপ্য অনুদান	প্রয়োজনীয় কাগজপত্র
কর্মরত/পি.আর.এল ভোগরত	পরিবারের/নির্ভরশীল সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৭,৮,১৩
কর্মরত/পি.আর.এল অবস্থায় মৃত	কল্যাণ ভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৩,৪,৮,৯, ১০,১৩
	পরিবারের/নির্ভরশীল সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৮,১৩
স্বাভাবিক অবসরপ্রাপ্ত	পরিবারের/নির্ভরশীল সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৫,৭,৮,১৩
অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত	কল্যাণ ভাতা অনুদান	ক্রমিক- ১,৫,৮,৯,১৩
	পরিবারের/নির্ভরশীল সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৫,৭,৮,১৩
অবসরপ্রাপ্তির পর মৃত	কল্যাণভাতা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৩,৪,৫,৮,৯, ১০,১৩
	পরিবারের/নির্ভরশীল সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	ক্রমিক- ১,২,৫,৭,৮,১৩

মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ

- * সরকারি কর্মকর্তা কর্মচারীদের স্ত্রী ও কন্যাদেরকে আত্মনির্ভরশীল ও কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশালে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে।
- * প্রশিক্ষণ কোর্সসমূহ:

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	কোর্স ফি
কম্পিউটার বেসিক	৩ মাস	৫০০ টাকা
গ্রাফিক্স ডিজাইন	৩ মাস	৫০০ টাকা
সেক্রেটারিয়েল সাইন্স	৬ মাস	৫০০ টাকা
কাটিং ও সেলাই	৩ মাস	৫০০ টাকা
এমব্রয়ডারি	৩ মাস	৫০০ টাকা
ব্রুপ্রিন্ট	৩ মাস	৫০০ টাকা
কনফেকশনারি	৩ মাস	৫০০ টাকা
ফ্যাশন ডিজাইন	৩ মাস	৫০০ টাকা
বিউটিফিকেশন	৩ মাস	৫০০ টাকা
ক্যাটারিং	৩ মাস	৫০০ টাকা
প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা	৩ মাস	৫০০ টাকা



বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
(www.bkkb.gov.bd)

সেবা প্রদান নির্দেশিকা

* কল্যাণ বোর্ডের সেবাসমূহ

- সাধারণ চিকিৎসা অনুদান;
জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান;
মাসিক কল্যাণ অনুদান;
যৌথবীমার এককালীন অনুদান;
দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান;
শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা (১১-২০ গ্রেড);
শিক্ষাবৃত্তি (অক্ষম, মৃত ও অবসরপ্রাপ্ত সকল গ্রেড);
অফিস যাতায়াতে পরিবহণ সুবিধা;
মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ;
ক্লাব/কমিউনিটি সেন্টারের বার্ষিক অনুদান;
বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

* সেবাহীনতা

- সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মরত/অক্ষম অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারী এবং পরিবারের সদস্য

* বোর্ডের ই-অনুদানসমূহ

- শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা (১১-২০ গ্রেড);
শিক্ষাবৃত্তি (অক্ষম, মৃত ও অবসরপ্রাপ্ত সকল গ্রেড);
মাসিক কল্যাণ অনুদান;
যৌথবীমার এককালীন অনুদান;
দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান (কর্মচারীর মৃত্যুতে);
দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান (পরিবারের সদস্যের মৃত্যুতে)।

সাধারণ চিকিৎসা অনুদান

- * কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkbb.gov.bd থেকে ফরম নং- ১ ডাউনলোড করা যায়।
- * সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত, অক্ষম, অবসরপ্রাপ্ত, মৃত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গের ক্ষেত্রে প্রতি বছর একবার চিকিৎসা সাহায্যের জন্য আবেদন করা যায়।
- * কর্মকর্তা-কর্মচারীকে আজীবন এবং কর্মকর্তা-কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত পরিবারের সদস্যগণকে এ অনুদান প্রদান করা হয়।
- * অনুদানের পরিমাণ: সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা
- * আবেদনে সংযুক্ত কাগজপত্রাদি:
 ১. ডাক্তারি ব্যবস্থাপত্রের এবং টেস্ট রিপোর্টের সত্যায়িত কপি (অফিস প্রধান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
 ২. ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয়ের মূল ভাউচার (অফিস প্রধান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ৩. ক্লিনিক বা হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ক্লিনিক বা হাসপাতালের মূল ছাড়পত্র;
 ৪. ভাই, বোন, পিতা, মাতার ক্ষেত্রে নির্ভরশীলতার প্রত্যয়নপত্র;
 ৫. খরচের হিসাব বিবরণী (আবেদনকারীর স্বাক্ষরসহ);
 ৬. Pay fixation এর সত্যায়িত ফটোকপি।

জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান

- * কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkbb.gov.bd থেকে ফরম নং-৮ ডাউনলোড করা যায়।
- * কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীর নিজের চিকিৎসার জন্য (জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে) চাকরি জীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২ (দুই) লাখ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।
- * অনুদানের পরিমাণ: সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লাখ) টাকা
- * আবেদনে সংযুক্ত কাগজপত্রাদি:
 ১. হাসপাতালে ভর্তি হয়ে থাকলে মূল ছাড়পত্র (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ২. চিকিৎসা সংক্রান্ত বিল ভাউচার এর মূলকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ৩. এক কপি সত্যায়িত ছবি;
 ৪. চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্র ও রিপোর্ট (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ৫. চিকিৎসা সংক্রান্ত খরচের হিসাববিবরণী (কর্মচারীর স্বাক্ষরসহ);
 ৬. Pay fixation এর সত্যায়িত ফটোকপি।
- * জটিল ও ব্যয়বহুল রোগঃ ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দৃষ্টিনয়ন মারাত্মকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত মেডিকেল বোর্ড কর্তৃক জটিল ও ব্যয়বহুল রোগ বলে চিহ্নিত যে কোন রোগও এর অন্তর্ভুক্ত হবে।

শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা অনুদান

- * <http://eservice.bkbb.gov.bd/> অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkbb.gov.bd এর “শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন দাখিল” লিংকটিতে ক্লিক করে আবেদন করতে হবে।
- * ১১-২০ শ্রেণিতে কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তানের জন্য যারা ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় সকল শ্রেণির অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তান যারা ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য আবেদন করা যায়।
- * প্রতি বছর অনলাইনে প্রাপ্ত আবেদনের মধ্যে মোট যোগ্য ছাত্রছাত্রীর সংখ্যা এবং মোট বরাদ্দকৃত অর্থ অনুপাতে শিক্ষাবৃত্তির হার নির্ধারণপূর্বক অনুদান প্রদান করা হয়।
- * আবেদনে সংযুক্ত কাগজপত্রাদি:
 ১. ছাত্র-ছাত্রী বিগত বছরে যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হয়।
 ২. আবেদনকারীর ছবি স্ক্যান করে আপলোড করতে হয়।

কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান

- * <http://sss.bkbb.gov.bd/> অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkbb.gov.bd এর “কল্যাণ-যৌথ-দাফন অনুদানের অনলাইন আবেদন দাখিল” লিংকটিতে ক্লিক করে আবেদন করতে হবে (বিস্তারিত ওয়েবসাইটে দ্রষ্টব্য)।
- * সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত/অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারী এবং পরিবারের সদস্যগণ আবেদন করতে পারবেন।
- * অনুদানের প্রাপ্যতা
মাসিক কল্যাণ অনুদান:
 - (ক) শারীরিক বা মানসিক অসুস্থতাজনিত কারণে কোন কর্মচারী চাকরি হতে অপসারিত হলে বা অবসর গ্রহণ করলে তিনি;
 - (খ) চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অবসরগ্রহণের তারিখ থেকে ১০(দশ) বছরের মধ্যে মৃত্যুবরণ করলে কর্মচারীর পরিবার ১৫(পনের) বছর অথবা কর্মচারীর অবসরগ্রহণের তারিখ থেকে ১০(দশ) বছর পর্যন্ত, যেটি আগে হয়, মাসিক কল্যাণ অনুদান প্রাপ্য হবেন;
 - (গ) অক্ষমতাজনিত কারণে কোন কর্মচারী চাকরি হতে অবসরগ্রহণ করলে তিনি ১৫ (পনের) বছর/৬৯ বছর বয়স পর্যন্ত যেটি আগে হয়, মাসিক কল্যাণ অনুদান প্রাপ্য হবেন;যৌথবীমা:
চাকরিরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর পরিবার এ অনুদান প্রাপ্য হবেন;
দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান:
 - (ক) সরকারি কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায়/অবসরের পর কর্মচারীর ৭৫ বছর বয়সের মধ্যে মৃত্যুর ক্ষেত্রে তাঁর পরিবার অথবা তাঁর সাথে সম্পর্কিত ব্যক্তি যিনি কর্মচারীর কর্মচারীর দাফন/সৎকারের ব্যয়ভার বহন করেছেন (স্থানীয় ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং কর্মচারীর অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে);
 - (খ) চাকরিরত সরকারি কর্মচারীর পরিবারের কোন সদস্যের মৃত্যুর ক্ষেত্রে কর্মচারী; এবং
 - (গ) বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় অবসরপ্রাপ্ত কর্মচারী কিংবা তাঁর পরিবারের সদস্যের মৃত্যুর ক্ষেত্রে (কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত) তাঁর পরিবার বা তিনি।
- * অনুদানের পরিমাণ:
কল্যাণভাতা: মাসিক ২,০০০/- (দুই হাজার) হারে সর্বোচ্চ ১৫ (পনের) বছর পর্যন্ত।
যৌথবীমা: সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লাখ) টাকা।
দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া:
চাকরিরত অবস্থায় কর্মচারীর মৃত্যুতে : ৩০,০০০/- টাকা
কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে : ১০,০০০/- টাকা
- * আবেদনে সংযুক্ত কাগজপত্রাদি:
 ১. রাজস্বখাতের কর্মচারীর ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী সর্বশেষ বেতন নির্ধারণ বিবরণীর (Pay fixation) কপি এবং তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চাকরি বহির ৩য় পৃষ্ঠা/এস.এস.সি সনদ (অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি);
 ২. মৃত্যু সনদের ফটোকপি অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত (রেজিস্টার্ড চিকিৎসক / স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);
 ৩. ওয়ারিশন সনদ (স্বামী/স্ত্রী, মা-বাবা ও সন্তানদের বয়স, সম্পর্ক, পেশা, বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক স্থানীয় ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ৪. ওয়ারিশগণ কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত ক্ষমতাপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং অফিস কর্তৃক প্রতিস্বাক্ষরিত);
 ৫. চাকরি হতে স্বেচ্ছায়/বাধ্যতামূলক/অক্ষমতাজনিত কারণে/স্বাভাবিক অবসরের ক্ষেত্রে অবসরের অফিস আদেশের ফটোকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত);
 ৬. মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (অফিস কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত);
 ৭. কর্মচারীর স্বামী স্ত্রী ব্যতীত পরিবারের অন্য সদস্যের মৃত্যুর ক্ষেত্রে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের জন্য নির্ভরশীলতার সনদ (ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং অফিস কর্তৃক প্রতিস্বাক্ষরিত);